



এসইআইপি প্রকল্প : এক বছরে ৪ হাজার দক্ষ প্রফেশনালস

অনলাইন ডেস্ক ০২ এপ্রিল, ২০১৬ ইং ১৬:০৭ মিঃ



স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রশিক্ষণের মাধ্যমে গত এক বছরে ৪ হাজার ২৩০ জনকে প্রশিক্ষিত করেছে বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)। গতবছরের ২৯ মার্চ আনুষ্ঠানিকভাবে এসইআইপি প্রশিক্ষণ শুরু করে বিআইটিএম।

গত এক বছরে আইটিতে ১২টি ও সাধারণ ক্যাটাগরিতে ২টি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। ইতিমধ্যে ১৪১টি ব্যাচে সর্বমোট ৪ হাজার ২৩০ জনকে এই প্রশিক্ষণ দিয়েছে বিআইটিএম।



বেসিস সভাপতি শামীম আহসান জানান, দক্ষ মানবসম্পদ গড়তে না পারলে দেশে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত অসম্ভব। উন্নত দেশে দক্ষ মানবসম্পদই মূল চালিকাশক্তি। ব্যক্তিগত জীবনেও যেমন দক্ষতা প্রয়োজন, তেমনই দেশের উন্নয়নেও দরকার দক্ষ মানবসম্পদ। বেসিসের ২০১৮ সালের মধ্যে তথ্যপ্রযুক্তি খাতে ১০ লাখ দক্ষ জনশক্তি তৈরির অংশ হিসেবে এসইআইপি প্রকল্প বাস্তবায়ন করছে বিআইটিএম। এই প্রকল্পটি শেষ হলে তথ্যপ্রযুক্তি খাত তাদের প্রয়োজনীয় লোকবল পাবে ও প্রশিক্ষণার্থীর কর্মসংস্থানের সুযোগ হবে। ত্বরান্বিত হবে দেশের তথ্যপ্রযুক্তি খাতের অগ্রগতির যাত্রা।



বেসিসের কোষাধ্যক্ষ ও বিআইটিএমের দায়িত্বপ্রাপ্ত পরিচালক শাহ ইমরাউল কায়ীশ বলেন, এসইআইপি প্রকল্পের এই প্রশিক্ষণের মাধ্যমে সারাদেশের আইটি এবং সফটওয়্যার কোম্পানিগুলোর দক্ষ মানবসম্পদের যে অভাব রয়েছে,

সেটা পূরণ করতে কাজ করছে বেসিস। এই লক্ষ্যে ২০১৬ সালের মধ্যে দেশের অন্যান্য বিভাগগুলোতেও বিআইটিএমের কার্যক্রম চালু করা হবে।



আগ্রহীরা বিআইটিএমের ওয়েবসাইট ([www.bitm.org.bd/seip](http://www.bitm.org.bd/seip)) থেকে প্রশিক্ষণের জন্য নিবন্ধন করতে পারবেন। এরপর যথাযথ মূল্যায়নের মাধ্যমে চূড়ান্ত নির্বাচিতরা প্রশিক্ষণে অংশ নিতে পারবেন।

উল্লেখ্য, প্রশিক্ষণটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) অর্থায়নে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)-এর অধীনে এবং বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)-এর তত্ত্বাবধায়নে পরিচালিত হচ্ছে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত